

**ভারতীয় রিজার্ভ ব্যাংক পরিষ্কার নোট কর্মসূচী অবলম্বন করছে : নষ্ট হয়ে যাওয়া নোটগুলিকে সমূলে বিনষ্ট করতে নতুন মেশিন স্থাপন করছে**

**৪ঠা মে, ২০০২**

“দেশবাসীদের জন্য ‘পরিষ্কার নোট কর্মসূচী’ প্রবর্তন করতে ভারতের রিজার্ভ ব্যাংক বন্ধপরিষ্কার এবং প্রযুক্তিবিদ্যা সহ সমস্ত শক্তি দিয়ে ভারতীয় রিজার্ভ ব্যাংক এই লক্ষ্যে পৌঁছাবে যেটা দেশ তাদের কাছ থেকে আশা করে”, ভারতের রিজার্ভ ব্যাংকের নতুন দিল্লীর অফিসে নতুন কারসি ভেরিফিকেশন এন্ড প্রসেসিং সিস্টেমস (সি.ভি.পি.এস.) উৎঘাটন করতে গিয়ে এ কথা বলেন ভারতের রিজার্ভ ব্যাংকের ডেপুটি গভর্নর, শ্রী ভেপা কামেসম। পাঞ্জাব ন্যাশানাল ব্যাংকের চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টর শ্রী এস.এস. কোহলি, ওরিয়েন্টাল ব্যাংক অফ কমার্স-এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টর শ্রী বি. ডি. নারায়ণ, কারেসি ও কয়েনেজ-এর জয়েন্ট সেক্রেটারী শ্রী নবীন কুমার এবং কমার্শিয়াল ব্যাংকগুলির কিছু বিশিষ্ট ব্যক্তি এই উৎঘাটন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই সিস্টেমটি রিজার্ভ ব্যাংকে স্থাপন করা হয়েছে নষ্ট ও ফাটা নোট দ্রুত প্রসেসিং করার জন্য। নতুন দিল্লী রিজার্ভ ব্যাংকের দশটি অফিসের মধ্যে একটি যেখানে এই মেশিন স্থাপনা করা হল।

সি.ভি.পি.এস. সিস্টেম ঘন্টায় ৫০,০০০ থেকে ৬০,০০০ পিস নষ্ট হয়ে যাওয়া নোট প্রসেসিং করার ক্ষমতা রাখে। এই সিস্টেমটি শ্রেডিং এন্ড ব্রিকেটিং সিস্টেম সহ, যা অন-লাইনে নষ্ট নোট নষ্ট করে দেয়, বাজার থেকে নষ্ট ও ফাটা নোট দ্রুত সরিয়ে ফেলতে সাহায্য করবে। শ্রেডিং এন্ড ব্রিকেটিং সিস্টেম পরিবেশ-পন্থী কারণ এটি পরিবেশ দূষণের সৃষ্টি করে না যা আগে নোট পুড়িয়ে ফেললে হত। এটি নষ্ট নোট ছিন্নভিন্ন করে সেগুলিকে ব্রিকেটে পরিনত করে। এই ব্রিকেট বাড়ী বা অফিসের নানা কাজে লাগে। এগুলি রেসিডুয়াল শিল্পেও ব্যবহার করা যেতে পারে।

এটা লক্ষ্যনীয় যে ভারতের রিজার্ভ ব্যাংকের গভর্নর ডাঃ বিমল জালান জানুয়ারী ১৯৯৯ সালে ‘পরিষ্কার নোট কর্মসূচী’ ঘোষণা করেন। ‘পরিষ্কার নোট কর্মসূচী’ সূষ্ঠ ভাবে কার্যকরী করতে বাজার থেকে নষ্ট নোট সরিয়ে ফেলা যেই রকম গুরুত্বপূর্ণ, বাজারে নতুন নোট সরবরাহ করাও ঠিক ততখানি গুরুত্বপূর্ণ। এই দ্বৈত-লক্ষ্যে পৌঁছাতে রিজার্ভ ব্যাংক গত এক বছরে কারেসি ম্যানেজমেন্ট সম্মানীয় বিভিন্ন সিস্টেম ও পদ্ধতিতে পরিবর্তন এনেছে। কারেসি ভেরিফিকেশন ও ম্যানেজমেন্ট যান্ত্রিক করা এবং শ্রেডিং ও ব্রিকেটিং করে নষ্ট হয়ে যাওয়া ও ফাটা নোট নষ্ট করে ফেলা এই পদক্ষেপে সামিল।

প্রথম পর্যায়ে নয়টি ইস্যু অফিসে স্থাপনা করার জন্য ২২টি কারসি ভেরিফিকেশন এন্ড প্রসেসিং সিস্টেমস(সি.ভি.পি.এস.) কিনেছে। যেইসব অফিসে এই মেশিনগুলি স্থাপিত হয়েছে সেগুলি হল, ব্যাঙ্গালোর, বেলাপুর, চন্ডীগড়, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, নতুন দিল্লী ও পাটনা। প্রস্তাবিত হয়েছে যে সি.ভি.পি.এস. মেশিন বাকি অফিসগুলিতে দ্বিতীয় দফায় শীঘ্রই স্থাপন করা হবে। এইসব সিস্টেম স্থাপনা হবার পর ভারতের রিজার্ভ ব্যাংকের বিন্যাস ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে। এই অধিক ক্ষমতা বাজার থেকে খারপ হয়ে যাওয়া নোট সরিয়ে নিতে সাহায্য করবে। রিজার্ভ ব্যাংকের নতুন দুইটি কারেসি ছাপার প্রেসের অতিরিক্ত ক্ষমতার সাহায্যে নতুন নোট বাজারে একই সঙ্গে ছেড়ে জনসাধারণের নতুন নোটের চাহিদা আশা করা যায় যথেষ্ট ভাবেই মিটানো যাবে।

পরিষ্কার নোট কর্মসূচী রূপায়ণে রিজার্ভ ব্যাংক অন্যান্য যেসব পদক্ষেপ নিয়েছে সেগুলি হল, জনসাধারণের স্বার্থে ব্যাংক নোট স্টেপল করা বন্ধ করে সমস্ত ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া, নষ্ট হয়ে যাওয়া নোট রিজার্ভ ব্যাংককে বিনা স্টেপল করা অবস্থায় দেওয়া, স্টেপল পিনের বদলে ব্যান্ড ব্যবহার করা ও জনসাধারণকে কেবল পরিষ্কার নোট বন্টন করা। ভারতীয় রিজার্ভ ব্যাংকমাঝে মাঝে বাজারে গিয়ে নষ্ট হয়ে যাওয়া নোট সংগ্রহ করার ব্যবস্থাও করে। এর ফলে জনসাধারণের কাছ থেকে অভিযোগের সংখ্যা কমেছে ও নতুন নোটের প্রাপ্তি সংখ্যারও অনেক উন্নতি হয়েছে।

**আলপনা কিন্নাওয়াল  
জেনারেল ম্যানেজার**

**প্রেস বিজ্ঞপ্তি নং : 2001-2002/1220**